

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং-৩৪.০১.০০০০.০০৯.৩৭.০০৭.১৩- ৪৩


তারিখ : ০৬/০১/২০১৬খ্রিঃ।

বিষয় : সিটিজেন চার্টারে বর্ণিত সেবাসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পাদন সংক্রান্ত।

সূত্র নং-৩৪.০১.০০০০.০৪১.০২.০০১.৯৩১, তারিখ : ২৯/৮/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্যের অবাধ প্রবাহ এবং জনগনের তথ্য অধিকার নিশ্চিতকরণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, দুর্নীতি হ্রাস ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা ৫ এর উপধারা ৩ এবং ধারা ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার তথ্য অধিকার (তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা) প্রবিধানমালা ২০১০ প্রণয়ন করে। এ প্রবিধানমালার ১৩(১) এর নির্দেশনা অনুসারে ইতোমধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter) প্রণয়নপূর্বক ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে। নাগরিক সেবা প্রদান প্রতিশ্রুতির তালিকায় যে সকল সুবিধা/সেবা প্রদান করা হবে, সেবা প্রদানকারীর নাম ও পদবী, সেবা প্রদানের সময়সীমা, সেবা প্রদান পদ্ধতি ও প্রয়োজনীয় কাগজপত্র ইত্যাদি নির্দিষ্ট করে দেওয়া হয়েছে।

বর্ণিত অবস্থায় তার দপ্তরে যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েব সাইটে(www.dyd.gov.bd) প্রদর্শিত সিটিজেন চার্টারে উল্লেখিত সেবাসমূহ প্রকাশ্যে প্রদর্শন ও নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পাদনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।


(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯

বিতরণ :

- ০১। পরিচালক(সকল),যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাতার, ঢাকা।
- ০৩। উপ-পরিচালক(সকল),জেলা।
- ০৪। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, সাতার, ঢাকা।
- ০৫। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাকে আদেশটি Web Site-এ প্রকাশের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর,উপজেলা।
- ০৬। অফিস কপি।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। হোসনা আফরোজ, সিনিয়র সহকারী সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।